রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জুলাই ৬, ১৯৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ই আষাঢ় ১৩৯৮/৩০শে জুন ১৯৯১

এস, আর ও নং ১৯২-আইন/৯১/১৬-মূসক—মূল্য সংযোজন কর অধ্যাদেশ, ১৯৯১ (অধ্যাদেশ নং ২৬, ১৯৯১) এর ধারা ৭২ [ধারা ৫(৪) এর সহিত পঠিতব্য] এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন যথা:—

১। সংক্ষিপ্ত শিরনামা—এই বিধিমালা নির্দিষ্ট সেবার ক্ষেত্রে প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে কর ধার্যকরণ (বিশেষ) বিধিমালা, ১৯৯১ নামে অভিহিত হইবে।

২। করের ভিত্তি নির্ধারণ—নিম্নবর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা, কলাম(২) এ উল্লিখিত সেবার কোর্ড ও কলাম (৩) এ বর্ণিত সেবাসমূহের ক্ষেত্রে কলাম (৪) এ বর্ণিত মূল্যের ভিত্তিতে মূল্য সংযোজন কর ধার্য ও প্রদেয় হইবে, যথা :—

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবা প্রদানকারী | মূল্য সংযোজন কর আরোপের জন্য মূল্য |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| S00৩ | S00৩.১০ | মোটর গাড়ীর গ্যারেজ এবং ওয়ার্কসপ | যে কোন প্রকার যান্ত্রিক যানবাহন বা নৌযান মেরামত বা সার্ভিসিং এর ক্ষেত্রে সংশ্লিষ্ট সেবা প্রদানকারী কর্তৃক উক্ত যানবাহনে বা নৌযানে সংযোজিত যন্ত্রপাতি বা যন্ত্রাংশের মূল্য ব্যতীত বিনিময়ে সেবার প্রাপ্ত সমুদয় অর্থ। |
| | S00৩.২০ | ডকইয়ার্ড | |



মূল্য : টাকা ২·০০

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| S০০৪ | S০০৪·০০ | নির্মাণ সংস্থা | যে ক্ষেত্রে সেবা প্রদানকারী নিজের জমির উপর দালান-কোঠা বা অন্য যে কোন ধরণের আকৃতি-গত স্থাবর অবকাঠামো নির্মাণ করেন সে ক্ষেত্রে জমির মূল্য এবং নির্মাণ সংশ্লিষ্ট উপকরণ ব্যয় ব্যতীত সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থ নির্মাণ কার্য অন্যের জমিতে সম্পন্ন হইলে নির্মাণ সংশ্লিষ্ট উপকরণ ব্যয় ব্যতীত সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থ। |
| S০০৯ | S০০৯·০০ | নিলামকারী সংস্থা | নিলামে পণ্য বিক্রয়ে সহায়তা প্রদানের জন্য প্রাপ্ত চার্জ কমিশন বা ফি এবং ইহাতে পণ্য মূল্য অন্তর্ভুক্ত হইবে না। |
| S০১০ | S০১০·০১ | ভূমি উন্নয়ন সংস্থা | যে ক্ষেত্রে সেবা প্রদানকারী বাণিজ্যিক উদ্দেশ্যে ক্রীত জমির উন্নয়ন করে সে ক্ষেত্রে জমির মূল্য ব্যতীত সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থ; চুক্তির মাধ্যমে অন্যের জমির উন্নয়ন বা উহার উপর দালান বা অন্য যে কোন প্রকার কাঠামো নির্মাণের ক্ষেত্রে নির্মাণ সংশ্লিষ্ট উপকরণ ব্যয় ব্যতীত সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থ। |
| S০১৪ | S০১৪·০১ | ইনডেনটিং সংস্থা | পণ্য বা সেবা ক্রয়ে সহায়তা প্রদান বাবদ প্রাপ্ত সমুদয় চার্জ, কমিশন বা ফি এবং ইহাতে পণ্যের বা সেবার মূল্য অন্তর্ভুক্ত হইবে না। |
| S০১৫ | S০১৫·০০ | ফ্রেইট ফরোয়ার্ডার্স | সংশ্লিষ্ট সেবা প্রদানের বিনিময়ে প্রাপ্ত চার্জ কমিশন বা ফি, যাহার মধ্যে পণ্য মূল্য অন্তর্ভুক্ত হইবে না। |
| S০১৬ | S০১৬·০০ | ট্রাভেল এজেন্সি | ভ্রমণের নিমিত্ত পরিবহন সংস্থাসমূহের টিকিট বিক্রয় বাবদ উক্তরূপ সংস্থাসমূহের নিকট হইতে ট্রাভেল এজেন্সি কর্তৃক চার্জ, কমিশন বা ফি হিসাবে প্রাপ্ত সমুদয় অর্থ। |
| S০২০ | S০২০·০০ | জরিপ সংস্থা | জরিপ কার্যে নিয়োজিত যে কোন সংস্থা জরিপ সংক্রান্ত সেবা প্রদানের বিনিময়ে যে পরিমাণ চার্জ, কমিশন বা ফি পান সেই পরিমাণ অর্থ; এবং উহাতে পণ্যের মূল্য অন্তর্ভুক্ত হইবে না। |

৩। কর রেয়াত।—(১) বিধি ২ এ বর্ণিত সেবাসমূহের ক্ষেত্রে মূল্য সংযোজন কর অধ্যাদেশ, ১৯৯১ (অধ্যাদেশ নং ২৬, ১৯৯১) (অতঃপর "উক্ত অধ্যাদেশ" বলিয়া উল্লিখিত) বা মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর আওতায় কোন কর রেয়াত গ্রহণ করা যাইবে না।

(২) বিধি ২ এ বর্ণিত কোন সেবা প্রদানকারী উক্ত অধ্যাদেশের ধারা ৫(৪) এ বর্ণিত সর্বমোট প্রাপ্তির ভিত্তিতে মূল্য সংযোজন কর প্রদান করিলে, উক্ত অধ্যাদেশ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর প্রযোজ্য বিধান ও শর্ত পূরণ সাপেক্ষে, তিনি তৎকর্তৃক প্রদত্ত সেবায় ব্যবহৃত উপকরণের উপর পরিশোধিত সমুদয় মূল্য সংযোজন কর রেয়াত গ্রহণ করিতে পারিবেন।

৪। এই বিধিমালা ১লা জুলাই, ১৯৯১ ইং মোতাবেক ১৬ই আষাঢ় ১৩৯৮ বাং হইতে বলবৎ হইবে।

আতিকুর রহমান
দ্বিতীয় সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।